# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা, চট্টগ্রাম

মোবাইল: ০১৮১৯-৯৩০৪৮৮


**তারিখ:১১.০১.২০২৬**

প্রেস বিজ্ঞপ্তি

## রাষ্ট্রের উন্নয়ন নিশ্চিত করতে গুণগত শিক্ষা ব্যবস্থা অপরিহার্য — চসিক মেয়র ডা. শাহাদাত হোসেন।



চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন বলেছেন, রাষ্ট্রের সার্বিক উন্নয়ন নিশ্চিত করতে শিক্ষার পরিমাণগত বিস্তারের পাশাপাশি গুণগত মান নিশ্চিত করা অত্যাবশ্যক। মানসম্মত শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তুলতে না পারলে প্রকৃত শিক্ষা উন্নয়ন সম্ভব নয়। রোববার (১১ জানুয়ারি ২০২৬) সকালে নগরীর মুরাদপুর মির্জারপুল এলাকায় অবস্থিত দ্যা উমর (রাঃ) একাডেমি–এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।মেয়র ডা. শাহাদাত হোসেন বলেন, গত ১৬ বছর আওয়ামী লীগের শাসনামলে দেশে শিক্ষার হার কিছুটা বৃদ্ধি পেলেও শিক্ষার গুণগত মান কাঙ্ক্ষিত পর্যায়ে পৌঁছায়নি। রাজনৈতিক বিবেচনা ও আত্মীয়করণের কারণে মেধাবীরা যথাযথ মূল্যায়ন থেকে বঞ্চিত হয়েছে। এর ফলে সমাজে বৈষম্য ও হতাশার সৃষ্টি হয়েছে, যা শেষ পর্যন্ত জুলাই আন্দোলনের মাধ্যমে আওয়ামী লীগ সরকারের পতনের পথ তৈরি করেছে।তিনি আরও বলেন, আওয়ামী লীগ সরকারের সময়ে শিক্ষা ব্যবস্থায় যে ক্ষতি হয়েছে, তা কাটিয়ে উঠতে এখনই কার্যকর পদক্ষেপ নিতে হবে। বিদ্যমান শিক্ষা প্রতিষ্ঠানগুলোর মানোন্নয়নের পাশাপাশি নতুন শিক্ষা প্রতিষ্ঠান অনুমোদনের ক্ষেত্রে অত্যন্ত সতর্ক হতে হবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলো গুণগত শিক্ষা প্রদানে সক্ষম কিনা—তা যাচাই করেই অনুমোদন দেওয়া প্রয়োজন।

শিক্ষাব্যবস্থায় নৈতিক শিক্ষার ওপর বিশেষ গুরুত্বারোপ করে মেয়র বলেন, শুধু পুঁথিগত বিদ্যা নয়, নৈতিকতা ও মানবিক মূল্যবোধসম্পন্ন নাগরিক গড়ে তোলাই শিক্ষার মূল লক্ষ্য হওয়া উচিত। গুণগত ও নৈতিক শিক্ষা ছাড়া চট্টগ্রাম শহরসহ সারা দেশের টেকসই উন্নয়ন কখনোই সম্ভব নয়।অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেজর জেনারেল ড. এম. শাহজাহান (অব.)। তিনি জাতি গঠনে মূল্যবোধভিত্তিক শিক্ষার অপরিহার্যতার কথা তুলে ধরেন।অনুষ্ঠানের মূল বক্তা ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আরবি বিভাগের অধ্যাপক ড. এ. কে. এম. আব্দুল কাদের। তিনি ইসলামী ও নৈতিক শিক্ষার মাধ্যমে শিক্ষার্থীদের চরিত্র গঠনের গুরুত্বারোপ করেন।বিশেষ অতিথি হিসেবে আরও বক্তব্য রাখেন দারুল ইহসান বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. দেলোয়ার হোসাইন আনসারী।মুহম্মদ ফরহাদ উদ্দিনের সভাপতিত্বে সঞ্চালনা করেন একাডেমির ডিরেক্টর মোহাম্মদ আজিজুল হক মাসুম। এছাড়াও উপস্থিত ছিলেন একাডেমির প্রিন্সিপাল ফারহানা আফরোজ, পরিচালক হাফিজ হাবিবুর রহমান, লুতফুন্নেসা চৌধুরী, শারমিন আন্নি, মোহাম্মদ ইয়াসিন আরাফাত, মোহাম্মদ মিরাজসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ। অনুষ্ঠানে চিত্রশিল্পী কাজী মনসুর, চিত্রশিল্পী মাসুদ, সাংবাদিক ইসমাইল হোসেন, মাহবুব সিদ্দিকীসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন।অনুষ্ঠান শেষে দোয়া ও মোনাজাতের মাধ্যমে একাডেমির উত্তরোত্তর উন্নতি এবং শিক্ষার্থীদের নৈতিক ও আদর্শিক জীবন গঠনের জন্য দোয়া করা হয়।

## সম্মিলিত প্রচেষ্টায় চট্টগ্রাম শহরের উন্নয়ন নিশ্চিত করতে হবে: মেয়র ডা. শাহাদাত

চট্টগ্রাম শহরের টেকসই ও পরিকল্পিত উন্নয়ন নিশ্চিত করতে সরকারি সেবা সংস্থাগুলোর পাশাপাশি স্থানীয় হাউজিং সোসাইটিগুলোকেও সক্রিয় ভূমিকা রাখতে হবে বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন।

শুক্রবার রাতে নগরীর নাসিরাবাদ হাউজিং সোসাইটির উদ্যোগে আয়োজিত ‘ফ্যামিলি নাইট’ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মেয়র এসব কথা বলেন।মেয়র ডা. শাহাদাত হোসেন বলেন, চট্টগ্রাম একটি বাণিজ্যিক ও জনবহুল মহানগরী। এই নগরীর উন্নয়ন শুধুমাত্র সিটি কর্পোরেশন বা সরকারি দপ্তরগুলোর পক্ষে এককভাবে করা সম্ভব নয়। স্থানীয় পর্যায়ে হাউজিং সোসাইটি, সামাজিক সংগঠন ও নাগরিকদের সম্মিলিত উদ্যোগই পারে একটি বাসযোগ্য ও উন্নত শহর গড়ে তুলতে।তিনি নাসিরাবাদ হাউজিং সোসাইটির ভূয়সী প্রশংসা করে বলেন, এই সোসাইটি নিজ উদ্যোগে শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠা, কমিউনিটি সেন্টার নির্মাণ এবং ধর্মীয় শিক্ষার ব্যবস্থা করেছে। এসব কার্যক্রমের ফলে একদিকে যেমন এলাকার মানুষ প্রয়োজনীয় সেবা পাচ্ছে, অন্যদিকে সরকারি সেবা সংস্থাগুলোর ওপর চাপও কমেছে। এটি একটি আদর্শ মডেল, যা অন্যান্য হাউজিং সোসাইটির জন্য অনুসরণযোগ্য।মেয়র আরও বলেন, নগরের উন্নয়ন মানে শুধু রাস্তা-ঘাট বা অবকাঠামো নয়; শিক্ষা, সামাজিক সম্প্রীতি, ধর্মীয় ও নৈতিক মূল্যবোধ গড়ে তোলাও নগর উন্নয়নের গুরুত্বপূর্ণ অংশ। নাসিরাবাদ হাউজিং সোসাইটি সে কাজটি সফলভাবে করে দেখিয়েছে।তিনি আহ্বান জানিয়ে বলেন, চট্টগ্রাম শহরকে একটি পরিচ্ছন্ন, নিরাপদ ও মানবিক নগরীতে রূপান্তর করতে হলে এ ধরনের হাউজিং সোসাইটির নেতৃবৃন্দকে আরও এগিয়ে আসতে হবে। সবার সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমেই চট্টগ্রাম শহর এগিয়ে যাবে এবং নাগরিকদের প্রত্যাশা পূরণ করা সম্ভব হবে।এসময় উপস্থিত ছিলেন সংগঠনের কার্যকরী পরিষদ ২০২৫-২৭ এর প্রধান উপদেষ্টা আলহাজ্ব সূফী মোহাম্মদ মিজানুর রহমান,  সভাপতি মুহাম্মদ সাইফুদ্দিন, সম্পাদক মুজিবুল হক ছিদ্দিকী (বাচ্চু) প্রমুখ।

## *গরীব ও অসহায়দের পাশে এফ.জি হোল্ডিংস লিমিটেড: মেয়র শাহাদাত হোসেনের কাছে ২৫০ কম্বল হস্তান্তর*

শীতার্ত গরীব ও অসহায় মানুষের পাশে দাঁড়াতে এফ.জি হোল্ডিংস লিমিটেডের পক্ষ থেকে ২৫০টি কম্বল চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও চট্টগ্রাম মহানগর বিএনপির সাবেক সভাপতি ডা. শাহাদাত হোসেনের কাছে হস্তান্তর করা হয়েছে।কম্বল হস্তান্তর অনুষ্ঠানে ডা. শাহাদাত হোসেন বলেন, শীত মৌসুমে নিম্নআয়ের মানুষের দুর্ভোগ লাঘবে সম্মিলিত উদ্যোগ অত্যন্ত গুরুত্বপূর্ণ। সমাজের বিত্তবান ব্যক্তি ও প্রতিষ্ঠানগুলোর মানবিক সহায়তা গরীব ও অসহায় মানুষের জন্য বড় সহায় হয়ে দাঁড়ায়।তিনি এফ.জি হোল্ডিংস লিমিটেডের এই মানবিক উদ্যোগের প্রশংসা করে বলেন, সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে বেসরকারি প্রতিষ্ঠানগুলোর এমন সহযোগিতা সমাজে ইতিবাচক দৃষ্টান্ত স্থাপন করে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মাধ্যমে এসব কম্বল প্রকৃত উপকারভোগীদের মাঝে যথাযথভাবে বিতরণ করা হবে বলেও তিনি জানান।এ সময় উপস্থিত ছিলেন এফ.জি হোল্ডিংস লিমিটেডের ম্যানেজিং ডিরেক্টর মোহাম্মদ ফয়সাল, ডিরেক্টর ইমরান চৌধুরী, ডিরেক্টর মঞ্জুর আলম এবং ডিরেক্টর মো.মানিক,মো সুমন।

## বাংলাদেশ বৌদ্ধ সমিতির নেতৃবৃন্দ মেয়র ডা. শাহাদাত হোসেনের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ ও ধন্যবাদ জ্ঞাপন।

উপমহাদেশের শতাব্দী প্রাচীন বৌদ্ধ সংগঠন বাংলাদেশ বৌদ্ধ সমিতি'র নেতৃবৃন্দ সম্প্রতি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র ডা. শাহাদাত হোসেনের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন।সাক্ষাৎকালে নেতৃবৃন্দ সমিতির উদ্যোগে প্রয়াত মহামান্য ত্রয়োদশ সংঘরাজ, একুশে পদকপ্রাপ্ত অগ্রমহাপণ্ডিত ড. জ্ঞানশ্রী মহাথেরো মহোদয়ের পুণ্যস্মৃতি স্মরণে ০১ ও ০২ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দে চট্টগ্রাম কলেজ প্যারেড মাঠে অনুষ্ঠিত দুই দিনব্যাপী জাতীয় অনিত্য সভা ও স্মৃতিচারণ অনুষ্ঠান সফলভাবে আয়োজনের জন্য মেয়র ডা. শাহাদাত হোসেনের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন।নেতৃবৃন্দ আরও জানান, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সহযোগিতা ও বরাদ্দকৃত সহায়তার কারণে অনুষ্ঠানটি সুন্দর ও সার্থকভাবে সম্পন্ন হয়েছে।মেয়রের সহায়তায় প্রদত্ত সুবিধাসমূহের মধ্যে ছিল:জেনারেটর সরবরাহ,ভ্রাম্যমাণ টয়লেট,পানির ট্যাংক,হ্যালোজেন লাইট, বিশুদ্ধ খাবারের পানি, অনুষ্ঠানস্থল পরিষ্কারক সংস্থা ও কনজারভেন্সি টিম উপস্থিত ছিলেন সমিতির নেতৃবৃন্দ:লায়ন আদর্শ কুমার বড়ুয়া (সভাপতি) সাধারণ সম্পাদক ছোটারিয়ান পশু বড়ুয়া (প্রধান সমন্বয়কারী) অর্থ ও সম্পাদক, লক্ষন রনি কুমার বড়ুয়া এছাড়া অন্যান্য নির্বাহী ও সহায়তাকারী সদস্যগণও উপস্থিত ছিলেন।
মেয়র ডা. শাহাদাত হোসেন উপস্থিত সকলের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করে বৌদ্ধ সম্প্রদায়ের উন্নয়ন ও সাংস্কৃতিক কর্মকাণ্ডে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সহযোগিতা অব্যাহত থাকবে বলে আশ্বাস দেন। বাংলাদেশ বৌদ্ধ সমিতি ডা. শাহাদাত হোসেনের আন্তরিক সহযোগিতা ও সহায়তার জন্য অশেষ ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেছে।

স্বাক্ষরিত/-
(আজিজ আহমদ)
জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮